


প্রেস বিজ্ঞপ্তি
১৮ সেপ্টেম্বর ২০২৩

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সিরাজগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক অদ্য ১৮ সেপ্টেম্বর ২০২৩ তারিখে সকাল ১০.০০ ঘটিকা থেকে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলার সিরাজগঞ্জ রোড বাজার, বোয়ালিয়া বাজার ও শ্রিকোলা বাজারে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য নিয়ন্ত্রণে ও ভোক্তা অধিকার বিরোধী কার্য প্রতিরোধে অভিযান পরিচালিত হয়েছে। সহকারী পরিচালক জনাব মোঃ হাসান-আল-মারুফ বোয়ালিয়া বাজারে লাভলু সবজি ভাডারকে আলু, পিয়াজের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ১,০০০/- টাকা এবং গ্রামীণ সুইটসকে দই এর মোড়কে উৎপাদনের তারিখ, মেয়াদ উত্তীর্ণের তারিখ, ওজন না থাকা, মূল্য তালিকা প্রদর্শন না করা ও সেবা গ্রহীতার জিবন-নিরাপত্তা বিপন্ন হতে পারে এমন কার্য করার অপরাধে ৭,০০০/- টাকা জরিমানা করেন। অপরদিকে শ্রিকোলা বাজারে সামাদ সবজি ভাডারকে আলু, ডিম, পিয়াজের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ১,০০০/- টাকা, বজলু সবজি ভাডারকে আলু, ডিম, পিয়াজের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ১,০০০/- টাকা জরিমানা করেন। এছাড়াও মূল্য তালিকা আছে কিনা, ক্রয়- বিক্রয় ভাউচার সংরক্ষণ করছেন কিনা ইত্যাদি তদারকি করা হয়েছে এবং সরকার নির্ধারিত মূল্যে আলু, পৈয়াজ, ডিম বিক্রয় করার জন্য অনুরোধ করা হয়েছে এবং মাইকিং করে ভোক্তা ও ব্যবসায়ীদের সচেতন করা হয়েছে। পুলিশ লাইন সিরাজগঞ্জ সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এ অভিযান চলমান থাকবে।


18.09.2023

(মোঃ হাসান-আল-মারুফ)

সহকারী পরিচালক

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর

সিরাজগঞ্জ জেলা কার্যালয়

মোবাইলঃ ০১৩১৮-৩৯৬৯৫৮